FEB. 8 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# তৃতীয় বিভাগওয়ালা শিক্ষকদের শেষ পর্যন্ত এমপিওভুক্ত করার ঘোষণা জারি হয়েছে

**শরিফুজ্জামান পিন্টু**

শেষ পর্যন্ত আন্দোলনের মুখে সরকার তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তির ঘোষণা দিয়েছে। বিগত ছয় মাস ধরে বিভিন্ন বেসরকারী শিক্ষক সংগঠন দেশের প্রায় ২৫ হাজার তৃতীয় বিভাগধারী শিক্ষককে এমপিওভুক্তির দাবি জানিয়ে আসছিল। শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনে বুধবার বলা হয়েছে যে, তৃতীয় বিভাগ পেলেও যেসব শিক্ষক গত ২৪ আগস্টের আগে নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাঁদের এমপিওভুক্ত করা হবে। তবে নিয়মনীতি পরিপন্থী উপায়ে অথবা অবৈধ পন্থায় নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারীদের ক্ষেত্রে এই ঘোষণা কার্যকর হবে না। সূত্র জানায়, দেশে তৃতীয় বিভাগধারী অসংখ্য শিক্ষক রয়েছেন, যাঁরা রাজনৈতিক প্রভাব, ডোনেশন বা স্বজনপ্রীতির জোরে শিক্ষক হয়েছেন। শিক্ষা মন্ত্রণালয়ে এ ধরনের অসংখ্য অভিযোগ রয়েছে। এমনও দেখা গেছে, প্রথম বিভাগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষক হতে পারেননি, কিন্তু তৃতীয় বিভাগধারী অবৈধ পন্থায় শিক্ষক হয়েছেন। মন্ত্রণালয়ের এক পদস্থ কর্মকর্তা বলেছেন, এ ধরনের ঘটনা পরীক্ষা করে অবৈধ উপায়ে নিয়োগপ্রাপ্তদের বাদ দেয়া হবে। এমনকি এই ধরনের শিক্ষক এমপিওভুক্ত হলেও তাদের তদন্ত সাপেক্ষে

## তৃতীয় বিভাগওয়ালা *(১২-এর পাতার পর)*

শিক্ষকতা পেশা থেকে সরিয়ে দেয়া হবে।

জানা যায়, গত ২৪ আগস্ট শিক্ষামন্ত্রীর সঙ্গে বেসরকারী শিক্ষক নেতৃবৃন্দের নয় দফা চুক্তি স্বাক্ষর হয়। চুক্তিতে বলা হয়, এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত কোন তৃতীয় বিভাগধারীকে নিয়োগ দেয়া যাবে না এবং তিনি এমপিওভুক্তির জন্য বিবেচিত হবেন না। এই চুক্তির ব্যাখ্যা নিয়ে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষক সংগঠনগুলোর মধ্যে জটিলতা সৃষ্টি হয়। মন্ত্রণালয় বলে আসছিল, ২৪ আগস্টের আগে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারীদের এমপিওভুক্ত করা হবে না। আর বিভিন্ন বেসরকারী শিক্ষক সংগঠন বলে আসছিল, ২৪ আগস্টের আগে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারীদের এমপিওভুক্ত করতে হবে। তবে ২৪ আগস্টের পর থেকে চুক্তি অনুযায়ী তৃতীয় বিভাগপ্রাপ্তদের শিক্ষক হিসাবে নিয়োগ দেয়া যাবে না। বিষয়টি নিয়ে দীর্ঘ প্রায় ছ'মাস দেন-দরবার, দাবি ও আন্দোলনের পর শিক্ষা মন্ত্রণালয় শিক্ষকদের দাবি মেনে নিয়েছে।

বিভিন্ন শিক্ষক সংগঠন দাবি মেনে নেয়ায় সরকারকে অভিনন্দন জানিয়েছে। শিক্ষক কর্মচারী ঐক্যজোট প্রজ্ঞাপন জারির পর রাজধানীতে বুধবার বিজয় মিছিল বের করে। জাতীয় প্রেসক্লাবের সামনে মিছিলপূর্ব সমাবেশে বক্তৃতা করেন মোঃ সেলিম ভূঁইয়া, মাহবুবুর রহমান মোল্লা, বজলুর রহমান প্রমুখ। তাঁরা ঐক্যজোটের বাকি পাঁচ দফা মেনে নেয়ার জন্য সরকারের প্রতি অনুরোধ জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোহাম্মদ আজিজুল ইসলাম ও সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এক বিবৃতিতে তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তির ঘোষণা দেয়ায় শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেককে অভিনন্দন জানিয়েছেন। তাঁরা বলেন, শিক্ষকদের নিয়ে দলীয় রাজনীতি নয়, নির্দলীয় ও পেশাগত ভূমিকা পালনের মাধ্যমে ন্যায্য দাবি আদায়ে ফেডারেশন বদ্ধপরিকর। বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক এম শরীফুল ইসলাম ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মাজহারুল হান্নান নয় দফা চুক্তির শিক্ষক স্বার্থবিরোধী অন্য ধারা বাতিলের দাবি জানান।